হরিনাকুন্ডুতে গুলিবিদ্ধ অজ্ঞাত ব্যক্তির লাশ উদ্ধার

ঝিনাইদহের হরিনাকুন্ডু পৌরসভার ১নং ওয়ার্ডের শুড়া গ্রামের পাশে দৌলখাল মাঠের মধ্যে মাথায় গুলিবিদ্ধ অজ্ঞাত এক ব্যক্তির মরদেহ উদ্ধার করেছে পুলিশ।

সোমবার সকালে কৃষকরা মাঠে কাজের উদ্দেশ্যে বের হলে মাঠের মধ্যে ব্রীজের ধারে রাস্তার পাশে লাশ পড়ে থাকতে দেখে হরিণাকুণ্ডু থানা পুলিশকে খবর দেয়। পুলিশ খবর পেয়ে সকাল ৯টার দিকে লাশের পাশে যায়। তবে লাশের সঠিক নাম পরিচয় জানা যায়নি।

অনুমানিক বয়স ৩৫ বছর হবে বলে ধারণা করা হচ্ছে। ঘটনা শোনার পরে সেখানে উপস্থিত হন শৈলকুপা-হরিনাকুন্ডু সার্কেলের এএসপি আরিফুল ইসলাম, হরিনাকুন্ডু থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আব্দুর রহিম মোল্লা।

এছাড়া সকাল ১১টায় পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম ঘটনাস্থল পরিদর্শণ করেন। খাল থেকে গুলির খুশাসহ বেশ কিছু আলামত উদ্ধার করা হয়েছে বলে হরিনাকুণ্ডু থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আব্দুর রহিম মোল্লা জানান।

কি কারনে বা কারা এই হত্যাকান্ড ঘটিয়েছে তা সঠিক জানা যায়নি। তবে পিবিআই, সিআইডিসহ পুলিশের বিভিন্ন বিভাগ দ্রুত হত্যাকান্ডের কারন উদঘাটনে কাজ করবে বলে জানান। লাশের সুরতহাল রিপোর্টের জন্য ঝিনাইদহ সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

হরিণাকুণ্ডুতে স্বামী পরিত্যক্তা নারী মরাদেহ উদ্ধার

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলা ৩ নং তাহেরহুদা ইউনিয়ন ৭ নং ওয়ার্ডের ধুলিয়া গাংপাড়া গ্রামের নিজ বাড়ি থেকে এক নারীর মরদেহ

উদ্ধার করেছে পুলিশ।

রবিবার দুপুরে ফরিদা খাতুন(৫৬) পিতা মরহুম মুরাদ মন্ডলের মেয়ে। পুলিশ সংবাদ পেয়ে দ্রুত ঘটনা স্থলে গিয়ে লাশ উদ্ধার করেন। এই রহস্যজনক মৃত্যু নিয়ে এলাকায় ব্যাপক চাঞ্চল্যকর পরিস্থিতি সৃষ্টি হয়েছে।

এ ব্যাপারে ভবানীপুর পুলিশ ক্যাম্পের এস আই বাবলু মিয়া জানান ময়না তদন্ত ছাড়া কিছু বলা যাচ্ছে না মৃত্যু স্বাভাবিক না হত্যা ।

কোটচাঁদপুরে বিদ্যুৎস্পৃষ্টে ইলেকট্রনিক্স মিস্ত্রির মৃত্যু

ঝিনাইদহের কোটচাঁদপুরে বিদ্যুৎস্পৃষ্টে বদিউজ্জামান ঠান্ডু (৩৮) নামে এক ইলেকট্রনিক্স মিস্ত্রির মৃত্যু হয়েছে। রবিবার সন্ধায় উপজেলার বলুহর ইউনিয়নের কাগমারী গ্রামে এ দূর্ঘটনা ঘটে।

মৃত ঠান্ডু একই গ্রামের মাঠপাড়ার বদর উদ্দীনের ছেলে। মৃতের পরিবার সূত্রে জানাযায়, রবিবার সন্ধায় ইলেকট্রনিক্স মিস্ত্রি বদিউজ্জামান ঠান্ডু একই গ্রামের মৃত আফসার ধাবকের ছেলে শাহাবুরের বাড়িতে ইলেট্রিকের কাজ করছিল।

এসময় সে অসাবধানতাবশত বিদ্যুৎস্পৃষ্টে গুরতর আহত হয়। খবর পেয়ে কোটচাঁদপুর ফায়ার সার্ভিস কর্মীরা তাকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষনা করেন।

বিষয়টি নিশ্চিত করেছেন কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মোঃ মঈন উদ্দিন। এঘটনায় পরিবার ও এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

শোকবহ পরিবেশে ঝিনাইদহে ২১ আগস্ট গ্রেনেড হামলায় নিহতদের স্মরণ

ঝিনাইদহে ২১ আগস্ট গ্রেনেড হামলায় নিহতদের স্মরণে নানা কর্মসূচীর পালন করেছে আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীসহ নানা সংগঠন। এ উপলক্ষে শনিবার সকালে শহরের পায়রা চত্বর থেকে একটি শোক র্যালী বের করে জেলা ছাত্রলীগ।

র্যালিটি বিভিন্ন সড়ক ঘুরে জেলা শিল্পকলা একাডেমী চত্বরে গিয়ে শেষ হয়। সেখানে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে প্রথমে জেলা আওয়ামী লীগের পক্ষ থেকে শ্রদ্ধা নিবেদন করা হয়। পরে জেলা যুবলীগ ও জেলা ছাত্রলীগ শ্রদ্ধা নিবেদন করে।

এসময় উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের নেতা তৈয়ব আলী জোয়ার্দ্দার, যুগ্ম সাধারণ সম্পাদক এ্যাড. আক্কাস উদ্দিন, সাংগঠনিক সম্পাদক অশোক ধর, এম হাকিম আহম্মেদ, প্রচার সম্পাদক আছাদুজ্জামান আছাদ, সদর পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, জেলা যুবলীগের যুগ্ম আহাবায়ক শফিকুল ইসলাম শিমুল, জেলা ছাত্রলীগের সভাপতি রানা হামিদ, সাধারণ সম্পাদক আব্দুল আওয়াল, যুব মহিলা লীগের সাধারণ সম্পাদক এ্যাড. সালমা ইয়াছমিনসহ অন্যান্যরা।

কোটচাঁদপুরে সাপের ওঁঝাদের সঙ্গে ওসির মতবিনিময়

ঝিনাইদহের কোটচাঁদপুরে বিষধর সাপের কামড়ে আহত মুমূর্ষ রোগীদের ডাক্তারী চিকিৎসা সেবা নিশ্চিত করতে উপজেলার বিভিন্ন অঞ্চলের সাপের কবিরাজদের (ওঁঝা) সঙ্গে মতবিনিময় সভা করেছেন থানার অফিসার ইনচার্জ (ওসি) মঈন উদ্দিন। শনিবার বেলা সাড়ে ১১ টার দিকে কোটচাঁদপুর মডেল থানায় এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। মতবিনিময়

সভায় উপজেলার বিভিন্ন এলাকা থেকে আগত সাপের কবিরাজ (ওঁঝা) তাদের মতামত তুলে ধরেন।

সভায় ওসি মঈন উদ্দিন বলেন, সম্প্রতি উপজেলার বিভিন্ন গ্রাম এলাকায় সাপের কামড়ে শিশুসহ নানা বয়সী মানুষের মৃত্যু বেড়ে যাওয়ায় আতঙ্ক ছড়িয়ে পড়েছে। সাপের কামড়ে আহত মুমূর্ষ রোগীদের কবিরাজী চিকিৎসা দিতে গিয়ে সময় কালক্ষেপনের ফলে অনেক রোগী মারা যায়। যথা সময়ে দ্রুত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে ডাক্তারী চিকিৎসার পরামর্শ দেন। এসময় তিনি সাপের ওঁঝাদের হুশিয়ারী দিয়ে বলেন, কবিরাজী চিকিৎসা দিতে গিয়ে কোন রোগী মারা গেলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন, থানার সেকেন্ড অফিসার এস.আই আব্দুল মান্নান, ডিউটি অফিসার এস.আই আনারুল ইসলাম, এ.এস.আই আজমুল হক, সিনিয়র সাংবাদিক কাজী মৃদুল, এসএম রায়হান, মঈন উদ্দীন খাঁন সহ বিভিন্ন এলাকার সাপের কামড়ে রোগীদের চিকিৎসা দেওয়া ২৫ জন কবিরাজ (ওঁঝা) উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে স্বামী পরিত্যাক্তা ছয় মাসের গর্ভবতী

ঝিনাইদহ সদর উপজেলার বিজয়পুর গ্রামে এক স্বামী পরিত্যাক্তা যুবতীর সঙ্গে বিয়ের আশ্বাসে অবৈধ মেলামেশায় ওই নারী এখন ছয় মাসের গর্ভবতী। পুলিশ নারীকে উদ্ধার করে শুক্রবার রাতে ঝিনাইদহ সদর থানায় নিয়ে আসে। পুলিশ ও এলাকাবাসী সূত্রে জানা গেছে স্বামী পরিত্যাক্তা ওই নারী বিজয়পুর গ্রামের মৃত আমির হোসেনের মেয়ে সামেলা খাতুনের বাড়িতে আসা যাওয়া করতো। সামেলা নিজেও স্বামী পরিত্যাক্তা। অভিযোগ উঠেছে সামেলা খাতুনের সহায়তায় অপু নামে এক ইজিবাইক চালক বিয়ের আশ্বাসে একাধিকবার শারীরিক সম্পর্ক গড়ে তোলে। গত 14 ই ফেব্রুয়ারি বিশ্ব ভালোবাসা দিবসের দিন অজ্ঞাত আরো দুই তিন যুবকের সামনে ওই নারীকে ঘরের মধ্যে নিয়ে শারীরিক

সম্পর্ক করে অপু। বিষয়টি জানাজানি হয়ে পড়ে। অজ্ঞাত আরও দুই তিনজন যুবকের সঙ্গে শারীরিক সম্পর্ক করা না হলে অপুর সঙ্গে মেলামেশার বিষয়টি গ্রামের মাতুব্বরদের জানানো হবে বলে শামেলা খাতুন হুমকি দেয়। এভাবে অপুসহ ওই অজ্ঞাত যুবকের সঙ্গে একাধিকবার অবৈধ মেলামেশার ফলে ওই নারী গর্ভবতী হয়ে পড়ে। ৬ মাস গর্ভবতী হওয়ার খবরটি বৃহস্পতিবার জানাজানি হয়ে যায়। বিজয়পুর গ্রামের মাতব্বররা বিষয়টি পোড়াহাটি ইউনিয়নের চেয়ারম্যান শহিদুল ইসলাম হিরনকে জানান। বিষয়টি নিয়ে চেয়ারম্যান শহিদুল ইসলাম হিরন গণমাধ্যমকর্মীদের জানান তিনি গ্রামবাসীর কাছ থেকে এ ধরনের একটি খবর পেয়ে কার্যকরী পদক্ষেপ ও ধর্ষকদের গ্রেপ্তারের জন্য পুলিশকে ব্যবস্থা নিতে বলেছেন। এ বিষয়ে ঝিনাইদহ সদর থানার এসআই রফিকুল ইসলাম জানান, স্বামী পরিত্যাক্তা ছয় মাসের গর্ভবতী ওই নারীকে উদ্ধার করে জবানবন্দি গ্রহণ করা হয়েছে। অভিযুক্তদের সনাক্ত করার চেষ্টা চালাচ্ছি। কারা কারা ওই বাড়িতে নিয়মিত যাওয়া আশা করতো তাদেরকে চিহ্নিত করে আইনের আওতায় আনা হবে বলেও তিনি জানান। এ বিষয়ে সদর থানায় একটি মামলা হয়েছে।

ঝিনাইদহে সাপে কাটা রোগীদের ওঝা-কবিরাজদের অপচিকিৎসা বন্ধের দাবিতে মানববন্ধন

ঝিনাইদহ সহ সারা দেশে সাপে কাটা রোগীদের ঝাড়ফুক দেওয়ার নামে ওঝা-কবিরাজদের অপচিকিৎসা বন্ধের দাবিতে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।
শুক্রবার সকালে ১০ টার সময় শহরের পোস্ট অফিস মোড়ে এ কর্মসূচীর আয়োজন করে ‘যুব ফেডারেশন’ নামের এক যুব সংগঠন।
এতে ব্যানার ফেস্টুন নিয়ে সংগঠনটির সদস্যসহ নানা শ্রেণী পেশার মানুষ অংশ নেয়। এসময় বক্তব্য রাখেন, সম্মিলিত সাংস্কৃতি জোটের সাধারণ সম্পাদক রাজু আহম্মেদ মিজান, জেলা মহিলা আওয়ামী লীগের নেত্রী নাছিমা সিদ্দীকী বুলবুলি, সাহিত্যিক ও কবি চাঁদ অর্ণিবাণ, যুব ফেডারেশনের আহ্বায়ক এস এম রবি, হামদহ কালীমন্দিরের সাংগঠনিক

সম্পাদক আকাশ বিশ্বাস, সহ-সাংগঠনিক সম্পাদক স্বদেশ কুমার কুন্ডু, যুবনেতা ও সমাজসেবক মাজহারুল ইসলাম রাজা, শ্রমিক লীগ নেতা আহম্মদ মুন্সীসহ অন্যান্যরা।
এসময় বক্তারা বলেন, ঝিনাইদহসহ সারা দেশে সাপে কাটা রোগীদের ঝাড়ফুকের নামে ওঝারা অপচিকিৎসা দিচ্ছে। তাদের কারণে প্রতিবছর দেশে শত শত মানুষ মারা যায়। চলতি বছরে ঝিনাইদহে ২০ জন সাপের কামড়ে মারা গেছে। যাদের বেশির ভাগ রোগীকের ওঝারা ঝাড়ফুক দিয়েছে। অসুস্থ হয়ে গেলে হাসপাতালে নেওয়া হলে চিকিৎসরা মৃত ঘোষণা করেন। দেশ থেকে এসব অপচিকিৎসা বন্ধের জন্য ওঝাদের তালিকা করে গ্রেফতারের দাবি জানান তারা। শেষে এর বিরুদ্ধে জনসচেতনা বাড়াতে পথনাটিকা অনুষ্ঠিত হয়।

কোটচাঁদপুরে জাতীয় শ্রমিক লীগের উদ্যোগে শোক দিবস পালিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে জাতীয় শ্রমিক লীগ উপজেলা ও পৌর শাখার উদ্যোগে স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন করা হয়েছে।

দিবসটি উপলক্ষে উপজেলা ও পৌর শ্রমিক লীগের আয়োজনে বুধবার বিকালে স্থানীয় পৌর পাঠাগার মিলনায়তনে আলোচনা সভা, দোয়া অনুষ্ঠান ও খাবার বিতরণ করা হয়।

জাতীয় শ্রমিক লীগ উপজেলা শাখার সভাপতি মোঃ আব্দুল জলিল বিশ্বাসের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা আ.লীগের সভাপতি শরিফুন্নেছা মিকি। প্রধান আলোচক হিসাবে উপস্থিত ছিলেন, পৌর মেয়র সহিদুজ্জামান সেলিম।

পৌর শ্রমিক লীগের সাধারণ সম্পাদক আব্দুল্লাহ আল-মামুনের

সঞ্চালনায় আলোচনা সভায় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জাতীয় শ্রমিক লীগ ঝিনাইদহ জেলা শাখার সভাপতি মোঃ আক্কাস আলী, কোটচাঁদপুর উপজেলা শ্রমিক লীগের সাধারণ সম্পাদক বিএম নাসির উদ্দিন, পৌর শ্রমিক লীগের সভাপতি রিপন খাঁন, ইউপি চেয়ারম্যান আব্দুল মতিন। এছাড়াও সভায় বক্তব্য রাখেন, উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি, পৌর যুবলীগের সভাপতি মেহেদী হাসান বুলবুল, পৌর যুবলীগের সাধারণ সম্পাদক ও পৌর প্যানেল মেয়র শেখ সোহেল আরমান, উপজেলা আ.লীগের যুগ্ন-সাধারণ সম্পাদক কামাল হাওলাদার, উপজেলা আ.লীগের সহ-সভাপতি কায়দার রহমান, উপজেলা যুবলীগের আহ্বায়ক মীর মনিরুল আলম, যুগ্ন-আহ্বায়ক আশরাফুল ইসলাম খোকন, যুগ্ন-আহ্বায়ক মোঃ আজম বিশ্বাস, উপজেলা শ্রমিক লীগের সাংগঠনিক সম্পাদক মোঃ আসলাম হোসেন, আ.লীগ নেতা মঈন উদ্দীন শেখ হেকিম প্রমূখ।

আলোচনা সভা শেষে দোয়া অনুষ্ঠান এবং দুস্থ্য ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের রোগীদের মাঝে খাবার বিতরণ করা হয়।

কালীগঞ্জে কৃমিনাশক ঔষধ খেয়ে ১১ ভেড়ার মৃত্যু

ঝিনাইদহের কালীগঞ্জে কৃমি নাশক পাউডার প্রয়োগ করার পর একটি খামারে ১১টি ভেড়া মারা গেছে বলে অভিযোগ পাওয়া গেছে। খামারের বাকি ভেড়াগুলোও অসুস্থ হয়ে পড়েছে। ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলা প্রাণী হাসপাতালের চিকিৎসক সুজিত কুমার কমলাপুর গ্রামের আফজালের খামারের ৩০টি ভেড়াকে কৃমি নাশক পাউডার প্রয়োগ করলে ঐ বিপত্তি ঘটে।

পাউডার প্রয়োগের কয়েক ঘন্টার মধ্যে মুখ দিয়ে ফেনা উঠে একে একে মারা যায় ১১টি ভেড়া। এতে ঐ খামারির দুই লক্ষাধিক টাকার ক্ষতি সাধিত হয়েছে বলে জানায় খামারি।

খামারীর স্ত্রী স্ত্রী জানান, ঔষধ খাওয়ানোর কিছুক্ষন পর থেকে ভেড়ার মুখে লালা ঝরে সবগুলো ভেড়া অসুস্থ হয়ে পড়ে। গ্রামবাসীরা

ছুটে এসে পানি ঢেলে তাদের বাঁচিয়ে রাখলেও গতকাল বুধবার বিকাল পর্যন্ত ১১ টি ভেড়া মারা গেছে।

প্রতিবেশী মোহাম্মদ আলী জানান, খবর পেয়ে আমরা দেখতে এসে দেখি একের পর এক ভেড়া মারা যাচ্ছে। পশু হাসপাতাল থেকে লোকজন এসে মৃত ভেড়ার অস্ত্রোপচার করে নাড়িভুড়ি, কলিজা ও খাওয়ার খড় নিয়ে গেছে।

এ বিষয়ে চিকিৎসক সুজিত কুমারের কাছে জানতে চাইলে তিনি জানান, ভুক্তভোগী খামারী পশু হাসপাতাল থেকে কৃমিনাশক ঔষধ সংগ্রহ করেন। তবে ভেড়া কি কারনে মারা গেছে তা ঔষধ ও ভেড়ার খাবার পরীক্ষা করার পর জানা যাবে।

ঝিনাইদহে ডেঙ্গু প্রতিরোধে মশক নিধন ও পরিচ্ছন্ন কর্মসূচী

ঝিনাইদহে মহামারি করোনার মধ্যে ডেঙ্গুর প্রকোপ প্রতিরোধে মশক নিধন কর্মসূচী শুরু করেছে পৌরকর্তৃপক্ষ। বুধবার সকালে শহরের নতুন হাটখোলা, এইচ এসএস সড়ক, পায়রা চত্বরসহ বিভিন্ন স্থানে ফগার মেশিন দিয়ে ঔষধ ছেটানো হয়। এছাড়াও পরিচ্ছন্ন কর্মসূচী পালন করা হয়।

এসময় সদর পৌরসভার মেয়র সাইদুল করিম মিন্টু, জেলা ছাত্রলীগের সভাপতি রানা হামিদ, সহ-সভাপতি আল ইমরানসহ পৌরসভার কর্মকর্তা- কর্মচারীরা উপস্থিত ছিলেন।

পৌরসভার মেয়র সাইদুল করিম মিন্টু জানান, পৌরসভা এলাকায় ডেঙ্গুর প্রকোপ রোধে বিভিন্ন ওয়ার্ডে ওয়ার্ডে ঔষধ ছেটানো হচ্ছে। সেই সাথে জেলা ছাত্রলীগের সহায়তায় পরিচ্ছন্ন অভিযানও চালানো হচ্ছে। জাতির পিতার ৪৬ তম শাহাদত বার্ষিকী উপলক্ষে ৪৬ দিন এ পরিচ্ছন্ন অভিযান ও মশক নিধন অভিযান চালানো হবে।